

## ঢাবি অধ্যাপকের বিরুদ্ধে তদন্ত কমিটি গঠন

ঢাবি প্রতিনিধি

১৭ নভেম্বর ২০২৫, ০৬:৫৪ পিএম



শিক্ষার্থীদের যৌন হয়রানির অভিযোগে গ্রেপ্তার ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. এরশাদ হালিমের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

সোমবার (১৭ নভেম্বর) বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক বিবৃতিতে এসব তথ্য জানানো হয়।

বিবৃতিতে বলা হয়, শিক্ষার্থীদের যৌন হয়রানির অভিযোগে গ্রেপ্তার ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. এরশাদ হালিমের বিচার প্রক্রিয়া দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে বিশ্ববিদ্যালয় প্রশাসন সর্বাত্মক সহযোগিতা করবে। তাকে গ্রেপ্তারের ক্ষেত্রেও বিশ্ববিদ্যালয় প্রশাসন সহযোগিতা করে।

বিবৃতিতে আরও বলা হয়, অভিযুক্ত শিক্ষককে তাত্ক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের সকল একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম থেকে বিরত রাখা হয়েছে। অভিযোগ তদন্তের জন্য ইতোমধ্যেই বিভাগীয় পর্যায়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির প্রতিবেদনও বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় প্রশাসনের কাছে জমা দেয়া হয়েছে।

তদন্ত কমিটির প্রতিবেদনের বিষয়ে আইন বিশেষজ্ঞদের কাছ থেকে ইতোমধ্যেই মতামত গ্রহণ করা হয়েছে। বিষয়টি অধিকতর খতিয়ে দেখে প্রয়োজনীয় সুপারিশ প্রদানের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় যৌন হয়রানি ও নিপীড়ন সেলের কাছে পাঠানো হয়েছে। বিষয়টি জরুরি ভিত্তিতে সিডিকেট সভায় উপস্থাপন করা হবে বলেও বিবৃতিতে উল্লেখ করা হয়।